১১

দৈনিক ইত্তেফাক

তারিখ 10 NOV 1993
পৃষ্ঠা ১২ কলাম ৫

২৫

## ভার্সিটিকে পিছনে ফেলিয়া কলেজ আগাইয়া যাইতেছে

............................................শিক্ষামন্ত্রী

ইত্তেফাক রিপোর্ট ।। শিক্ষামন্ত্রী জমিরউদ্দিন সরকার বলিয়াছেন, কুদরত-ই-খুদা কমিশনের রিপোর্টের আলোকে গঠিত জাতীয় বিশ্ববিদ্যালয়ের আওতাধীন কলেজ- (১০ম পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## শিক্ষামন্ত্রী

(শেষ পৃঃ পর)

সমূহ ১৯৯৪ সনে সেশনজটমুক্ত হইয়া ব্যাচেলার ডিগ্রী, অনার্স, মাষ্টার্স পরীক্ষা গ্রহণ ও ডিগ্রী প্রদান শুরু করিলে উত্তীর্ণ কলেজ শিক্ষার্থীরা অন্যদের আগে চাকুরীর পরীক্ষা দিয়া যখন বিসিএস ও অন্যান্য ক্যাডারে ব্যাপকভাবে প্রবেশ শুরু করিবে, তখন ঢাকা, রাজশাহী, চট্টগ্রামের মত সেশনজট, সন্ত্রাস, উশৃংখল-পীড়িত বিশ্ববিদ্যালয়গুলি নিজ স্বার্থেই শৃঙ্খলা ফিরাইয়া আনিতে বাধ্য হইবে। গতকাল মঙ্গলবার ঢাকায় ইঞ্জিনিয়ার্স ইনষ্টিটিউট মিলনায়তনে সারাদেশের ২৩৩টি সরকারী কলেজের অধ্যাপক ও প্রভাষক সমিতির যৌথ সম্মেলন উদ্বোধনকালে শিক্ষামন্ত্রী সংগঠন দুইটির ১২ দফা দাবী পূরণ ছাড়াও এই শিক্ষকদের আন্তর্জাতিক বৃত্তি, বিদেশ ভ্রমণ জাতীয় ভার্সিটির মধ্যে এমফিল ও পিএইচডি করার সুযোগ ব্যাপকতর করার আশ্বাস দিয়া বলেন, সরকারী কলেজসমূহে সদ্য নিযুক্ত ১৮৩২ জন মেধাবী শিক্ষকের মধ্যে চার চারটি ফার্ষ্ট ক্লাস পাওয়া অসামান্য প্রতিভাও আছে। শিক্ষামন্ত্রী আরও ১৩০০ কলেজ শিক্ষক ও আরও ৩৫০০ প্রাথমিক শিক্ষক নিয়োগের সরকারী সিদ্ধান্ত উল্লেখ করিয়া বলেন, অধ্যাপকদের সকলে ঢাকার দিকে আসিতেছেন। টেলিভিশনে বালককে দিয়া লটারী দিয়া তাহাদের ব্যাপকভাবে যাহার ভাগ্যে যাহা আছে তেমন স্থানে বদলি করা দরকার। এসব সমস্যা নিরসনের জন্য মন্ত্রী অধ্যাপক ও প্রভাষকদের সমিতি দুইটিকে "নীতিমালা স্থিরীকরণে" সহায়তা করার আহ্বান জানান।

সম্মেলনে সংস্থাপন প্রতিমন্ত্রী ব্যারিষ্টার আমিনুল হক, সাবেক উপদেষ্টা ও শিক্ষাবিদ প্রফেসর ইয়াজউদ্দিন আহমদ, অধ্যাপক ও প্রভাষক সমিতির,মমতাজ বেগম, আবদুল মজিদ, আবদুল আওয়াল, আবু বকর সিদ্দিক, মোঃ তোফাজ্জল হোসেন, দবীর আহমদ খান, এস এম হাতেম আলীও বক্তব্য রাখেন। সভাপতিত্ব করেন অধ্যাপক কামাল আতাউর রহমান। সম্মেলনে শিক্ষাঙ্গনে সন্ত্রাস বন্ধ করার উপর মন্ত্রী, শিক্ষাবিদ ও সংগঠকগণ জোর দেন। শিক্ষা ভবনে ওয়েটিং রুম, প্রতিবিভাগে রেষ্ট হাউস, উচ্চতর ডিগ্রীধারী শিক্ষকদের ইনক্রিমেন্ট প্রদান, মর্যাদার অনুক্রম নির্ধারণ, চাকুরির মেয়াদ ৬০ বৎসর পর্যন্ত বর্ধিত করার দাবী ছিল অন্যতম।

সংস্থাপন প্রতিমন্ত্রী শ্রীলঙ্কা, বার্মা, ইন্দোনেশিয়ার শিক্ষিতের উচ্চহার উল্লেখ করিয়া বলেন, ৭৫ ভাগ শিক্ষিতের হারে উপনীত হইলে বাংলাদেশের জনগণই নিজ সমস্যা সমাধানের পারদর্শীতা অর্জন করিবে। প্রফেসর ইয়াজউদ্দিন আহমদ বলেন, জাতি শিক্ষাঙ্গনে সন্ত্রাস চায় না। সন্ত্রাস বন্ধের জন্য সম্মিলিত সিদ্ধান্ত নিন।